৬ষ্ঠ উপজেলা পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণের প্রথম সভা ও উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী।

সভাপতি : আনোয়ারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাউনিয়া, রংপুর।
তারিখ : ০২/০৬/২০২৪ খ্রি.।
সময় : সকাল ১১:০০ ঘটিকা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়া, রংপুরকে উপজেলা পরিষদের প্রথম সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।

সভায় জনাব টিপু মুন্সি, এমপি-২২, রংপুর-৪(কাউনিয়া- পীরগাছা) প্রধান অতিথি হিসেবে বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ ও উপজেলার সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। প্রধান অতিথি নব নির্বাচিত উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে ফুলের তোড়া দিয়ে বরণ করেন। সভায় উপস্থিত উপজেলা পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ,বিভিন্ন দপ্তর প্রধানগণ নিজ নিজ পরিচয় প্রদানপূর্বক ৬ষ্ঠ উপজেলা পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানকে শুভেচ্ছা ও স্বাগত জানান।

উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ গত ০৮ মে, ২০২৪ খ্রি. তারিখে (১ম পর্যায়ে)অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে জনাব আনোয়ারুল ইসলাম, পিতা- মোঃ মাহাবুবার রহমান, মায়া-বাজার, হারাগাছ, কাউনিয়া, রংপুর (স্বতন্ত্র প্রার্থী) উপজেলা পরিষদ চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হন। জনাব মোঃ মনজুদার রহমান, পিতা–মোঃ আব্দুল হালিম, সারাই জুম্মাপাড়া, হারাগাছ, কাউনিয়া, রংপুর (স্বতন্ত্র প্রার্থী) ভাইস চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হন। জনাব মোছাঃ রওশনারা বেগম,স্বামী-মোঃ জমসের আলী,আরাজি সাহাবাজ,৫নং বালাপাড়া কাউনিয়া রংপুর (স্বতন্ত্র প্রার্থী)মহিলা ভাইস চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হন। গত ১৩ মে-২০২৪ খ্রি. তারিখে গেজেট প্রকাশিত হলে গত ২৮ মে, ২০২৪ খ্রি. তারিখে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুরে শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ১৮ ধারা অনুসারে শপথ গ্রহণের ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রথম সভার আহবান করা হয়। একই আইনের ১৫ ধারা অনুসারে প্রথম অনুষ্ঠিত সভার ০১(এক) মাসের মধ্যে ভাইস চেয়ারম্যানগণ তাদের মধ্য হতে অগ্রাধিকারক্রমে দুই সদস্য বিশিষ্ট একটি চেয়ারম্যান প্যানেল গঠন করতে হবে। যার মেয়াদ হবে প্রথম সভার দিন হতে ০৫(পাঁচ) বছর।

আলোচ্য সূচি:

১। আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ ধারা ৬(ঙ) অনুযায়ী সংরক্ষিত আসনের মহিলা সদস্য নির্বাচন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় যে, আগামী ১৫ দিনের মধ্যে হারাগাছ পৌরসভাসহ ৬(ছয়)টি ইউনিয়ন পরিষদে নির্বাচিত সংরক্ষিত ২১ জন মহিলা সদস্যগণ উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুরের কার্যালয়ে উপস্থিত হয়ে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৬(২) ধারা মোতাবেক নিজেদের মধ্য হতে ০২(দুই) জন সংরক্ষিত মহিলা সদস্য নির্বাচন করবেন।

২। সভায় জনাব মোঃ আশরাফুল ইসলাম, চেয়ারম্যান, ১নং সারাই ইউনিয়ন পরিষদ ও সদস্য, উপজেলা পরিষদ একটি চেয়ারম্যান প্যানেল গঠনের প্রস্তাব করলে ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান আলোচনাক্রমে তাদের নিজেদের মধ্য হতে নিম্নোক্ত চেয়ারম্যান প্যানেল গঠন করেন ঃ

চেয়ারম্যান প্যানেল :

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১। | জনাব মোঃ মনজুদার রহমান | ভাইস চেয়ারম্যান |
| ২। | জনাব মোছাঃ রওশনারা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান |

প্রধান অতিথি ও উপজেলা পরিষদ কমিটির উপদেষ্টা জনাব টিপু মুন্শি এমপি, সভায় নব-নির্বাচিত উপজেলা চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উপজেলার সকল দাপ্তরিক কর্মকর্তাগণের বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাল্য বিবাহ, নিরোধ, সরকার কর্তৃক অনুদান, ভাতা ও অন্যান্য সুবিধা সমূহ আলোচনার মাধ্যমে সরকারী নির্দেশনা মোতাবেক সমন্বয়ের মাধ্যমে কাজ করার পরামর্শ প্রদান করেন।

পরিশেষে জনাব আনোয়ারুল ইসলাম, সভাপতি, উপজেলা পরিষদ, বর্তমান সরকারের উন্নয়ন মূলক বিভিন্ন কাজের দিক উল্লেখ করেন। বর্তমান সরকারের উন্নয়নের ধারাবাহিকতা রক্ষার্থে সকল জনপ্রতিনিধি ও উপজেলার সকল কর্মকর্তাবৃন্দের সুষ্ঠু সমন্বয় প্রয়োজন। সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে আগামীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রধানমন্ত্রীর হাতকে সুসংহত করতে হবে।

**উপজেলা পরিষদ উন্নয়ন সভার আলোচনা :**

সভার শুরুতেই চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটির মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করনে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর সভায় গত ২৩/০৫/২০২৪খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত

| ক্রঃনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | উপজেলা নির্বাহী অফিসার [illegible] উপজেলায় [illegible] টি স্থায়ী কমিটি রয়েছে। উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে প্রতি ৩ মাস অন্তে ১টি করে সভা আয়োজন করার বিধান রয়েছে। উপজেলা পরিষদ সভার পূর্বে স্থায়ী কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলার ওয়েবসাইটে আপলোডের জন্য সহকারী প্রোগ্রামার, কাউনিয়া, রংপুর নিকট সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে অনুরোধ করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে সংশ্লিষ্ট সকলকে সভার কার্যবিবরণী প্রেরণ করতে হবে। | স্থায়ী কমিটি সংশ্লিষ্ট সকল বিভাগ |
| ০২ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা। | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচেছ। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচেছ। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ০৩ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | মে/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় উপস্থিত নব-নির্বাচিত চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে স্বাগতম জানান। তিনি জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | মে /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসা উপস্থিত নব-নির্বাচিত চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান, ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে স্বাগতম জানান। তিনি জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার,উপজেলা কৃষি অফিসার কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | ফেব্রুয়ারি /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা উপস্থিত নব-নির্বাচিত চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান, ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে স্বাগতম জানান। তিনি জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | ফেব্রুয়ারি/২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার উপস্থিত নব-নির্বাচিত চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান, ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে স্বাগতম জানান। তিনি জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

| | | |
|---|---|---|
| ০৫ | ফেব্রুয়ারি /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্ল্যানন | পুরুষ | মহিলা | |
| মে/২০২৪ | ৬৮৮ | ২৫ | ০১ | ০৪ | ৬৫ | ০৩ | ১৭ | ৮০৩ |

১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ করা হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেস ঘোষণা করা হয়েছে।

২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।

৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমুলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।

৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।

৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৩ জন।

৬। বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে।

৬.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | মে /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার [illegible] স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | মে /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রকৌশল বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | মে /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকৌশলী উপস্থিত নব-নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে স্বাগতম জানান। তিনি বলেন যে,<br>(ক) হারাগাছ ইউনিয়নে সনাতন বটতলা আশ্রয়ন প্রকল্প-২ প্রকল্প স্পটে ৫০ মিটার গাইড ওয়াল নির্মাণ করা প্রয়োজন। তিনি সভায় সিদ্ধান্তের জন্য অনুরোধ করেন।<br>(খ) হারাগাছ ইউনিয়নের চর পূর্ব নাজিরদহ সরঃপ্রাথমিক বিদ্যালয়ের পিছনে মরা তিস্তা নদীর উপর যে সাঁকো নির্মাণ করা হয়েছে, সেটি আরো ৫০ মিটার বর্ধিত করা প্রয়োজন। তিনি সভায় অনুমোদনের জন্য পেশ করেন।<br>(গ) কাউনিয়া বাসষ্ট্যান্ড হতে রেললাইনগামী ড্রেণের উপর স্লাব নির্মাণ করা প্রয়োজন। তিনি সভায় অনুমোদনের জন্য পেশ করেন।<br>(ঘ) চেয়ারম্যান, বালাপাড়া ইউপি এর আবেদনের প্রেক্ষিতে বালাপাড়া ইউনিয়নে মানাষ নদীর উপর একটি স্টীল ও কাঠের সাঁকো নির্মাণ করা প্রয়োজন। তিনি সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে হারাগাছ ইউনিয়নে সনাতন বটতলা আশ্রয়ন প্রকল্প-২ প্রকল্প স্পটে ৫০ মিটার গাইড ওয়াল নির্মাণে প্রাক্কলণ প্রস্তুত পূর্বক অর্থ আরএফকিউ মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে চেকমূলে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সভায় আলোচনান্তে চর পূর্ব নাজিরদহ সরঃপ্রাথমিক পিছনে মরা তিস্তা নদীর উপর নির্মিত সাঁকোর ৫০ মিটার বর্ধিত প্রাক্কলণ করে প্রাক্কলন অর্থ আরএফকিউ মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে চেকমূলে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) কাউনিয়া বাসষ্ট্যান্ড হতে রেললাইনগামী ড্রেণের উপর স্লাব স্থাপনে=২,০০,০০০/-টাকা পিআইসি কমিটির মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে চেকমূলে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচান্তে ৫নং বালাপাড়া ইউপির মানাষ নদীর উপর একটি স্টীল ও কাঠের সাঁকো নির্মাণে প্রাক্কলণ করে প্রাক্কলন অর্থ আরএফকিউ মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে চেকমূলে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চেয়ারম্যান উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | মে /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা।, | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার ,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | মে /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | মে /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | মে /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | মে /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | মে /২০২৪ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল জনসাস্থ জানান তার বিভাগীয় অনান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য কাউনিয়া, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| | [illegible] পরিচালনা করছেন না। [illegible] করে, একটি দোকানকে দুই তিন দোকানে বিভক্ত করে ভাড়া প্রদান করেছেন। দোকান মালিকগণ পূর্বে সম্পাদিত চুক্তির শর্ত ভঙ্গ করেছেন। এছাড়া কাউনিয়া উপজেলায় কোনো গণগ্রন্থাগার নেই। এমতাবস্থায়, দোকানঘর গুলি অপসারণ করে একটি গণগ্রন্থাগার স্থাপন করা যেতে পারে। তিনি সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | [illegible] নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুরকে অনুরোধ করা হয়। | [illegible] কাউনিয়া, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

21/5/24

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৪- ৫২৮ তারিখঃ ০৩/০৬/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১০।মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................................................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা .................................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

MHaque
03/06/24
(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন-০২৫৮৯৯৭৮২০১
unokaunia@mopa.gov.bd

d:\atwarul_files\rejulation.docx